# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সালাত প্রতিষ্ঠা করবে এবং সিয়াম পালন করবে, তার জন্য জান্নাত অবধারিত হয়ে যায়

ذِكْرُ إِيجَابِ الْجَنَّةِ لِمَنْ أَقَامَ الصَّلَاةَ وَصَامَ رمضان

---

আরবী

1744 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا أَبُو عَامِرٍ حَدَّثَنَا فُلَيْحُ بْنُ سُلَيْمَانَ عَنْ هِلَالِ بْنِ عَلِيٍّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَمْرَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وَسَلَّمَ قَالَ: (مَنْ آمَنَ بِاللَّهِ وَرَسُولِهِ وَأَقَامَ الصَّلَاةَ وَصَامَ رَمَضَانَ كَانَ حَقًّا عَلَى اللَّهِ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ هَاجَرَ فِي سَبِيلِ اللَّهِ أو جلس حيث ولدته أمه)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1744 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (921)

বাংলা

১৭৪৪. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনয়ন করে, সালাত প্রতিষ্ঠা করে, রমযান মাসের সিয়াম পালন করে, আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন, চাই সে আল্লাহর রাস্তায় হিজরত করুক অথবা তার মা তাকে যেখানে জন্ম দিয়েছে, সেখানে বসে থাকুক।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৩৫; সহীহ আল বুখারী: ২৭৯০; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৬১০; বাইহাকী, আল আসমা ওয়াস সিফাত: ৩৯৮; সুনান বাইহাকী: ৯/১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ : ৯২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90960

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন